# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 8616681, 8620841, 8620780

নং বামাশিবো/সংস্থা/৬১১ তারিখঃ ১৮/১১/২০১৪খ্রিঃ

**ই-সেবা কার্যক্রমের আওতায় বোর্ডের অধিভূক্ত সকল মাদরাসার সাথে তাৎক্ষণিক যোগাযোগ ও তথ্য আদান প্রদানের লক্ষ্যে নির্ধারিত ছক পূরণ করত: ই-সেবা ফি প্রদান সংক্রান্ত**

## বিজ্ঞপ্তি

এতদ্বারা বোর্ডের অধিভূক্ত সকল মাদরাসার পরিচালনা কমিটি, মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বোর্ড কর্তৃক ইতোমধ্যে নিম্নোক্ত ই-সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে-

১. ওয়েব পোর্টালঃ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ই-সেবা কার্যক্রমের আওতায় ইতোমধ্যেই বোর্ডের অধিভূক্ত সকল মাদরাসার নামে ওয়েব পোর্টাল (ওয়েব সাইট) খোলা হয়েছে। উক্ত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত রক্ষণাবেক্ষণ ও তথ্য হালনাগাদকরণের লক্ষ্যে প্রতিটি মাদরাসা থেকে ১জন করে শিক্ষককে বোর্ড কর্তৃক প্রশিক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২. মোবাইল SMS সার্ভিসঃ মোবাইল ফোনে এস.এম.এস. এর মাধ্যমে সকল মাদরাসার সাথে দৈনন্দিন যোগাযোগ ও জরুরি তথ্য আদান প্রদানের লক্ষে প্রতিটি মাদরাসার ২টি করে দাপ্তরিক মোবাইল নম্বর বোর্ডের ডাটাবেইজে সংরক্ষণ করা হবে। বোর্ডের যে কোন জনগুরুত্বপূর্ণ সার্কুলার, বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশের পাশাপাশি উক্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

উক্ত মোবাইল SMS সেবার জন্য মাদরাসা প্রধান বা অন্যান্য শিক্ষকের ব্যক্তিগত নম্বর ব্যবহার করা হবে না। কেননা অধ্যক্ষ/সুপার বা উপাধ্যক্ষ/সহ-সুপার এর নম্বর রেকর্ড করা হলে তাদের অবসর বা অন্যত্র চলে যাওয়ার কারণে পরবর্তীতে ঐ মাদরাসা কর্তৃপক্ষ উক্ত SMS সেবা থেকে বঞ্চিত হবে। এ জন্য প্রতিটি মাদরাসার নামে ২টি মোবাইল সিম ক্রয় ও রেজিস্ট্রেশন করে এতদসংগে সংযুক্ত ছকে উক্ত তথ্য প্রদানের জন্য সকল মাদরাসার পরিচালনা কমিটি, মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

ক্রয়কৃত ২টি নম্বরের মধ্যে ১টি অবশ্যই প্রতিষ্ঠান প্রধান ব্যবহার করবেন এবং অন্যটি উপাধ্যক্ষ/সহ-সুপার বা অন্য যে কোন নির্ভরযোগ্য শিক্ষক বা কর্মচারী ব্যবহার করবেন। মাদরাসার সিম ব্যবহারকারীগণ অবসর বা অন্য কোন কারণে প্রতিষ্ঠান ত্যাগ করলে প্রতিষ্ঠানে সিম জমা দিবেন এবং পরবর্তীতে অধ্যক্ষ/সুপার/দায়িত্বপ্রাপ্ত পদের ব্যক্তি একই নম্বর ব্যবহার করবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে বর্ণিত ই-সেবা (ওয়েব পোর্টাল উন্নয়ন) ফি বাবদ ইতোপূর্বে দাখিল স্তরের মাদরাসার জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং আলিম স্তরের মাদরাসার জন্য ১৫০০/(এক হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (সোনালী ব্যাংক, বিএমইবি শাখার অনুকূলে) বোর্ডের রেজিস্ট্রার বরাবর জমা দেয়ার জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তির আলোকে-

ক) <u>যে সকল মাদরাসা থেকে ইতোপূর্বে ই-সেবা ফি প্রদান করা হয়েছে তাদেরকে পূর্বের ফি জমা দেয়ার রশিদ এর ফটোকপি সংযুক্ত করে এতদসংগে সংযুক্ত ছক (এক জন শিক্ষক মনোনয়নপূর্বক) পূরণ করে বোর্ডের স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে ৩০/১২/২০১৪ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।</u>

খ) <u>যে সকল মাদরাসা এখনো ই-সেবা ফি প্রদান করেননি তাদেরকে আগামী ৩০/১২/২০১৪ তারিখের মধ্যে ফি-এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ এতদসংগে সংযুক্ত ছক পূরণ করত: (এক জন শিক্ষক মনোনয়নপূর্বক) স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে (ঢাকা অঞ্চল মাদরাসা বোর্ড প্রধান কার্যালয়ে) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।</u>

(প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ বোর্ডের অধিভূক্ত সকল মাদরাসা প্রধান

নং বামাশিবো/সংস্থা/৬১১/৫ তারিখঃ ১৮/১১/২০১৪খ্রিঃ

<u>অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ</u>

১। হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
২। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,ঢাকা। (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও প্রচারের অনুরোধসহ)
৩। সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, আঞ্চলিক কার্যালয়,
কুমিল্লা/ খুলনা/ চট্টগ্রাম/ বরিশাল/ ময়মনসিংহ/ রাজশাহী/ রংপুর/ সিলেট অঞ্চল।
৪। পি.এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। অফিস কপি।

(মোঃ আশরাফুজ্জামান)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৯৬৭৪৮৭৪

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 8616681, 8620841, 8620780


## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভূক্ত মাদরাসায় ই-সেবা (ওয়েব পোর্টাল উন্নয়ন ও প্রশিক্ষণ সংক্রান্ত) কাজের ফি প্রদান ও তথ্য সংক্রান্ত ছক ঃ

### ক. মাদরাসার তথ্যঃ

১। মাদরাসার কোড ঃ ................, মাদরাসার নামঃ ------------------------------------------------

ডাকঘরঃ ...................., পোস্ট কোডঃ ...................... উপজেলাঃ -------------------- জেলাঃ ----------------

২। মাদরাাসার নামে রেজিস্ট্রেশনকৃত মোবাইল এর তথ্যঃ

ক. মাদরাসা প্রধানের নামে বরাদ্দকৃত দাপ্তরিক ১ম মোবাইল নং [ | | | | | | | | | | | ]

খ. মাদরাসার উপাধ্যক্ষ/সহসুপার/দাপ্তরিক ২য় মোবাইল নম্বর [ | | | | | | | | | | | ]

৩। ল্যান্ড ফোন (বিটিসিল/অন্য কোন) নম্বরঃ ................................ ফ্যাক্স নম্বরঃ.....................................

৪। ই-মেইল(মাদরাসার নিজস্ব নামের)ঃ.............................................(এই ই-মেইলে তথ্য আদান প্রদান করা হবে)

### খ. ওয়েব পোর্টাল উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণের জন্য মনোনীত একজন শিক্ষকের তথ্যঃ

১। নামঃ ------------------------------------------------ পদবী ঃ ------------------------------------ মাদরাসা কোডঃ...............

ব্যাক্তিগত মোবাইল নম্বরঃ [ | | | | | | | | | | | ] ই-মেইল ঃ

২। এমপিও ইনডেক্স নম্বরঃ....................................... ।

### গ. ই-সেবার অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট এর বিবরণঃ

মাদরাসার কোড নম্বরঃ .................................. EIIN: ....................................

টাকার পরিমাণঃ ........................ (কথায়ঃ------------------------------------------------------------------)

ব্যাংক ড্রাফট নম্বরঃ ....................... শাখার নামঃ .................................... জেলার নামঃ.........................

আঞ্চলিক কার্যালয়ে গ্রহণকারী
কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর
ও দাপ্তরিক সিল মোহর

মাদরাসা প্রধানের স্বাক্ষর
এবং
নাম ঠিকানা সম্বলিত সিল